গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
www.eedmoe.gov.bd

স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.০৬.১৭৮.১৯ (পার্ট-২)/ ২৫৬

তারিখ: ০৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
১৭ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

## শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর ৪র্থ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ দেলোয়ার হোসেন মজুমদার, প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
সভার স্থান : সভাকক্ষ, প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
তারিখ ও সময় : ০৩/০৪/২০২৩ খ্রিঃ, সকাল ১০.৩০ টা
সভার উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার সভাপতি প্রধান প্রকৌশলী তাঁর সূচনা বক্তব্যে উল্লেখ করেন যে, মাসিক সমন্বয় সভা একটি দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, কাজের গতিশীলতা বৃদ্ধি এবং শৃঙ্খলা রক্ষার্থে অতি গুরুত্বপূর্ণ। এ জন্য মাসিক সমন্বয় সভা প্রতিমাসে আয়োজন করার জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি নির্দেশনা প্রদান করেন। প্রশাসনিক বিষয়াদি আলোচনার সাথে সাথে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সমস্যাবলি ও তা সমাধানে করণীয় সম্পর্কেও সমন্বয় সভায় আলোচনা উপস্থাপনের উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি সভার শুরুতে অত্র দপ্তরের সম্মানিত পরিচালক (প্রশাসন ও অর্থ) এঁর মাতার মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করেন এবং তাঁর আত্মার মাগফিরাত কামনা করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়ভিত্তিক সভাটি পরিচালনা করার জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ রাহেদ হোসেন-কে অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | নিয়োগ, পদোন্নতি ও শূন্যপদ পূরণ | উপপরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং ৫টি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) এর পদ শূন্য রয়েছে। এ ছাড়া, নির্বাহী প্রকৌশলীর ৩৯টি শূন্যপদের বিপরীতে ২৬জন জ্যেষ্ঠ সহকারী প্রকৌশলীকে নির্বাহী প্রকৌশলীর চলতি দায়িত্ব এবং অবশিষ্ট ১৩টি পদে নিকটবর্তী জেলার নির্বাহী প্রকৌশলীগণকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। এ ছাড়াও, সহকারী স্থপতির ১টি, আইন কর্মকর্তার ১টি, প্রোগ্রামারের ১টি, সহকারী প্রোগ্রামারের ৪টি, সহকারী প্রকৌশলী (সিভিল) এর ১৬টি, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) এর ৫৫টি, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) এর ১টি, সহকারী প্রকৌশলী (মেইনটেন্যান্স) এর ১টি পদ বর্তমানে শূন্য আছে।<br>পিএসসি কর্তৃক সুপারিশকৃত ১১ জন সহকারী প্রকৌশলী (সিভিল)-কে খুব শীঘ্রই নিয়োগের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক প্রজ্ঞাপন জারি করা হবে মর্মে আশা করা যায়।<br>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর ১৮৩টি পদ শূন্য রয়েছে। এ ছাড়া, | ১.১) রাজস্ব খাতভুক্ত ৩১৭৪টি পদের মধ্যে ১৭৫৪টি শূন্যপদ পূরণের লক্ষ্যে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১.২) সহকারী প্রোগ্রামার পদে নিয়োগের জন্য নতুন প্রস্তাবসহ সহকারী প্রকৌশলী (মেইনট্যানেন্স) নিয়োগের প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>১.৩) সহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ/যান্ত্রিক) সহ বিভিন্ন শূন্যপদের বিপরীতে অধিযাচন প্রস্তুত করতঃ পিএসসি'তে সংশোধিত প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>১.৪) উপ-সহকারী প্রকৌশলী/ড্রাফটসম্যানের শূন্যপদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে (পিএসসি) এর সাথে যোগাযোগ এবং অধিযাচন প্রস্তুত করতঃ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>১.৫) বর্তমানে প্রক্রিয়াধীন অফিস সহায়ক পদে ফলাফল প্রকাশের পর আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য শূন্যপদসমূহ দ্রুত পূরণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১.৬) প্রয়োজনীয় সংখ্যক গাড়িচালকের পদ সৃজনের প্রস্তাব প্রেরণ করতে হবে এবং গাড়িচালকের বিদ্যমান শূন্যপদসমূহ পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) উপপরিচালক (প্রশাসন) |

| ক্রম | আলোচ্য বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদে ৮৬টি এবং ড্রাফটসম্যান পদে ২৬টি শূন্যপদ রয়েছে। সরকারী কর্ম কমিশন (পিএসসি) কর্তৃক উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে।<br>অন্যদিকে, ১১-১৬তম গ্রেডের বিভিন্ন পদে ৪৮৮ জন কর্মরত আছেন। ১১ থেকে ১৬তম গ্রেডের তৃতীয় শ্রেণির ৫১৩টি পদে ছাড়পত্রের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ২০তম গ্রেড অর্থাৎ অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরী পদের ফলাফল প্রকাশের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। নিয়োগ সংক্রান্ত মামলা চলমান থাকায় ফলাফল প্রকাশ এর বিষয়ে আইন মন্ত্রণালয়ের মতামতের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এ জন্য ফলাফল প্রকাশ বিলম্বিত হচ্ছে।<br>৩য় ও ৪র্থ শ্রেণির পদে পৃথক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা যায় মর্মে তিনি প্রস্তাব করেন।<br>এ ছাড়া, গাড়িচালক এর রাজস্বখাতভুক্ত ০৯টি এবং আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগের জন্য নিরাপত্তা প্রহরী ও সুইপার এর ৬৪৭টি পদের নিয়োগ প্রক্রিয়া শুরু করা যায়। | ১.৭) আগামী ঈদ-উল-ফিতরের পর মন্ত্রণালয়ে প্রস্তাবকৃত অর্গানোগ্রাম এবং মাঠ পর্যায়ের চাহিদা যাচাইয়ের নিমিত্ত সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২ | মন্ত্রণালয়ের বিভিন্ন রিপোর্ট, প্রতিবেদন প্রেরণ | পরিচালক (প্রশাসন ও অর্থ) সংশ্লিষ্ট শাখা/ডেস্কসমূহ হতে প্রায়শই নির্ধারিত সময়ে তথ্য-উপাত্ত না পাওয়ায় মন্ত্রণালয়ের বিভিন্ন রিপোর্ট, প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা সম্ভব হয় না মর্মে সভাকে অবহিত করেন।<br>সভাপতি সংসদের প্রশ্নোত্তর নির্ধারিত সময়ের মধ্যে এবং নির্ভুলভাবে প্রেরণের বিষয়ে আরও সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করেন।<br>সভাপতি সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের বিভিন্ন রিপোর্ট, প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে যথাযথভাবে ফাইল ব্যবস্থাপনা ও তা সংরক্ষণ করতে হবে। | ২.১) মন্ত্রণালয়ের বিভিন্ন রিপোর্ট, প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের লক্ষ্যে সকল ডেস্ক ও শাখা নির্ধারিত সময়ে তথ্য প্রদান নিশ্চিত করবে।<br>২.২) সংসদের প্রশ্নোত্তর সময়মত এবং নির্ভুলভাবে প্রেরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে অধিকতর সতর্ক হতে হবে।<br>২.৩) শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন প্রকল্প অনুযায়ী নির্মিত মোট ভবনের সঠিক সংখ্যা/তথ্য খুঁজে বের করার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব সমীর কুমার রজক দাস-কে দায়িত্ব প্রদান করা হয়। | ১) সকল ডেস্ক ও শাখা প্রধান।<br>২) জনাব সমীর কুমার রজক দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>৩) জনাব মোহাম্মদ এমদাদুল হক, সহকারী প্রকৌশলী (সিভিল) |
| ০৩ | প্রশিক্ষণ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব ব্যবস্থাপনায় কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণের কর্মপরিকল্পনা প্রণয়ন, Quality Control of EED Structures সংক্রান্ত অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন, নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা /কর্মচারীগণের অফিস ব্যবস্থাপনা, কম্পিউটার, পিপিআর, ই-জিপি, অটোক্যাডসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজন নিয়ে আলোচনা হয়।<br>এ ছাড়া, নির্বাহী প্রকৌশলীগণের জন্য "সদর | ৩.১) নিজস্ব ব্যবস্থাপনায় কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণ আয়োজনের কর্মপরিকল্পনা প্রণয়ন ও প্রশিক্ষণ প্রদান যথাসময় বাস্তবায়ন করতে হবে। APA, NIS, GRS, RTI, শুদ্ধাচার, সিটিজেন চার্টার ইত্যাদি বিষয়ে আলাদা আলাদা বিষয়ভিত্তিক ট্রেনিং রেজিস্টার তৈরি ও একই সাথে তথ্যাদি অনলাইনেও সংরক্ষণ অব্যাহত রাখতে হবে।<br>৩.২) উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-দের বুনিয়াদী প্রশিক্ষণের জন্য RPATC, NAPD, | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) জনাব সমীর কুমার রজক দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>৩) উপপরিচালক (প্রশাসন)<br>৪) উপপরিচালক (অর্থ) |

| ক্রম | আলোচ্য বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | দপ্তর ও জেলা কার্যালয় স্থাপনের মাধ্যমে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর শক্তিশালীকরণ (১ম সংশোধিত)" প্রকল্পের আওতায় DDO Module সংক্রান্ত এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জন্য ডিপিপি প্রণয়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব সমীর কুমার রজক দাস বলেন যে, NAPD-তে ২০ থেকে ২৫ জনের একটি ব্যাচে ১৫ দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা যায়। তিনি আরও বলেন যে, এ দপ্তর থেকে ৮/১০ জনকে মনোনয়নপূর্বক একটি তালিকা NAPD-তে প্রেরণ করা যেতে পারে।<br>প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বাজেট সংকুলান বিষয়ে পরিচালক (প্রশাসন ও অর্থ), নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-১) এবং উপপরিচালক (অর্থ) বিস্তারিত আলোচনা করেন।<br>সহকারী প্রকৌশলী জনাব শফিকুর রহমান শাফী বলেন যে, ডিজাইন শাখায় কর্মরত নতুন যোগদানকৃত সহকারী প্রকৌশলীদের ডিজাইন বিষয়ে পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। তিনি আরও বলেন যে, নির্দিষ্ট ট্রেনিং ইনস্টিটিউট বাদেও এ দপ্তরের অভিজ্ঞ সিনিয়র প্রকৌশলীবৃন্দের মাধ্যমে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।<br>"সদর দপ্তর ও জেলা কার্যালয় স্থাপনের মাধ্যমে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর শক্তিশালী করণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ খাত থেকে প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় সমন্বয় করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা; পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং ESCB এর সাথে যে আলোচনা হয়েছে তার প্রেক্ষিতে বিস্তারিত যাচাইপূর্বক প্রতিষ্ঠান নির্বাচন করে জরুরি ভিত্তিতে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।<br>৩.৩) DPP সংশ্লিষ্ট কর্মকর্তাগণের প্রশিক্ষণের জন্য NAPD/Planning Commission-এ মনোনয়নপূর্বক সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীদের তালিকা প্রেরণ করতে হবে।<br>৩.৪) পরিচালক (প্রশাসন ও অর্থ), তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব সমীর কুমার রজক দাস, উপপরিচালক (প্রশাসন), উপপরিচালক (অর্থ) এবং প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ এর সমন্বয়ে DPP Module, DDO Module এবং Construction Module সংক্রান্ত প্রশিক্ষণ ও বাজেটের Action Plan তৈরি করতে হবে।<br>৩.৫) Training Exam Module এবং এ সংক্রান্ত পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজন করতে হবে। | ৫) জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার |
| ০৪ | অডিট আপত্তি নিষ্পত্তি ও অভ্যন্তরীণ অডিট | অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনার জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে প্রধান করে কমিটি গঠনপূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>জনাব আবু ছায়িদ চৌধুরী, উপপরিচালক (অর্থ) সভাকে জানান যে, প্রত্যেক জেলা কার্যালয়ে অনিষ্পন্ন অডিট আপত্তির একটি রেকর্ড প্রস্তুত করা হয়েছে। | ৪.১) কমিটি গঠনপূর্বক অভ্যন্তরীণ অডিট কার্যক্রম দ্রুত শুরু করতে হবে।<br>৪.২) প্রতি অর্থবছরের জন্য প্রত্যেক জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের ভিন্ন ভিন্ন অডিট ভলিউম তৈরিপূর্বক অডিট আপত্তির রেকর্ড প্রস্তুত ও হালনাগাদ করতে হবে। জনাব মোঃ আবু ছায়িদ চৌধুরী, হিসাবরক্ষণ কর্মকর্তা-কে এ বিষয়ে সমন্বয়কের দায়িত্ব প্রদান করা হয়। | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) জনাব আবু ছায়িদ চৌধুরী, উপপরিচালক (অর্থ) |
| ০৫ | মামলা | শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ৫৬টি মামলার মধ্যে ৩৮টি নিষ্পত্তি হয়েছে এবং ১৮টি মামলার কার্যক্রম চলমান রয়েছে। সুনির্দিষ্ট তথ্যসহ মামলাসমূহের ডাটাবেজ প্রস্তুতকরণ, প্রতিবেদন হালনাগাদের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।<br>মামলাসমূহের ডাটাবেজ হালনাগাদ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ৫.১) মামলাসমূহের ডাটাবেজ নিয়মিতভাবে হালনাগাদ রাখতে হবে।<br>৫.২) চলমান মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপপরিচালক (প্রশাসন) |

| ক্রম | আলোচ্য বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৬ | কর্মবণ্টন | প্রধান কার্যালয়ে কর্মরত সকল ডেস্ক ও শাখাসমূহের প্রধান, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তাঁর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে সুস্পষ্ট কর্মবণ্টন প্রণয়নপূর্বক প্রধান প্রকৌশলী মহোদয়কে অবগত করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় অধিকাংশ ডেস্ক প্রধান জানান যে, তাঁরা কর্মবণ্টন করেছেন, তবে তা অনুমোদনের জন্য প্রশাসনের কাছে পাঠানো হয়নি।<br>সভাপতি প্রণয়নকৃত কর্মবণ্টনের মাধ্যমে সেবা প্রদান সহজীকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ৬.১) সকল ডেস্ক ও শাখাসমূহের প্রধান, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের সুস্পষ্ট কর্মবণ্টন প্রণয়ন করতে হবে। এ বিষয়টি মনিটরিং এর নিমিত্ত উপপরিচালক (প্রশাসন)-কে দায়িত্ব প্রদান করা হয়।<br>৬.২) পদভিত্তিক কর্মবন্টনসহ সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীগণের ক্ষেত্রে সুস্পষ্ট কর্মবণ্টন তৈরি করতে হবে।<br>৬.৩) মাঠ পর্যায়ের নব নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের কাজ দেয়া হচ্ছে কিনা তা উপপরিচালক (প্রশাসন) যথাযথভাবে তদারকি করবে। | ১) উপপরিচালক (প্রশাসন)<br>২) সকল ডেস্ক ও শাখা প্রধান। |
| ০৭ | প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের উদ্বোধনের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ ও এ সংক্রান্ত স্মরণিকা প্রকাশ | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠান একযোগে উদ্বোধনের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ এবং এ সংক্রান্ত স্মরণিকা প্রকাশের অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠান উদ্বোধন উপলক্ষ্যে শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকা ও ছবি যাচাই প্রক্রিয়া শেষ পর্যায়ে রয়েছে। শীঘ্রই মাননীয় প্রধানমন্ত্রী শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠান উদ্বোধন করবেন।<br>তিনি আরও উল্লেখ করেন যে, শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর উদ্বোধনযোগ্য প্রতিষ্ঠানের তালিকা ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। | ৭.১) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানের উদ্বোধন উপলক্ষ্যে ছবি চূড়ান্তকরণ ও স্মরণিকা প্রকাশ সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। এ বিষয়ে ডেস্ক-২ এর নির্বাহী প্রকৌশলীকে দায়িত্ব প্রদান করা হয়।<br>৭.২) গঠনকৃত কমিটি এতদ্‌বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করবে। কমিটি এ বিষয়ে পুনরায় সভা আহবান করবে। | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) জনাব মীর মুয়াজ্জেম হসেন, নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-২)<br>৩) গঠনকৃত কমিটি। |
| ০৮ | অফিসের কর্মপরিবেশ উন্নয়ন ও নতুন পদায়িত কর্মকর্তা/ কর্মচারীগণের বসার ব্যবস্থাকরণ | প্রধান কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিচালক উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, কর্মপরিবেশ উন্নয়ন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার গুরুত্বপূর্ণ কর্মসূচি।<br>সভায় উপস্থিত সদস্যবৃন্দ সিঁড়িসহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের করিডোর, ক্যাম্পাস পরিষ্কার রাখা, প্রধান কার্যালয়ের প্রবেশমুখে মোটরসাইকেল সরানো এবং শৃঙ্খলা ও নিরাপত্তা কাজে আনসার নিয়োগের বিষয়ে আলোচনা করেন।<br>যান্ত্রিক শাখার দায়িত্বে নিয়োজিত সহকারী প্রকৌশলী জনাব মোঃ জরজিসুর রহমান জানান যে, মোটর সাইকেল রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, ঢাকা মেট্রো. কর্তৃক প্রাক্কলন প্রস্তুত সম্পন্ন হয়েছে। মোটর সাইকেল পার্কিং-এর নিমিত্ত শেডের নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>আনসার সদস্য নিয়োগের ব্যাপারে তিনি জানান যে, এ নিয়োগের ক্ষেত্রে এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা অফেরতযোগ্য | ৮.১) ভবনের সামনে গোলচক্করে গাড়ি পার্কিং-এর জায়গা খালি করে মোটর সাইকেল রাখার ব্যবস্থাকরণ এবং নিরাপত্তার জন্য ৬ জন আনসার সদস্য নিয়োগের বিষয়ে নির্বাহী প্রকৌশলী জনাব মো: আবুল হাসেম সরদার ও সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জনাব মোঃ জরজিসুর রহমান তাঁদের কার্যক্রম ত্বরান্বিত করবেন।<br>৮.২) মাঠে রক্ষিত পুরাতন গাড়িগুলো অন্যত্র সুবিধাজনক স্থানে সরানোর বিষয়ে সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জনাব মোঃ জরজিসুর রহমানকে দায়িত্ব প্রদান করা হয়। গোলচক্করে সংরক্ষিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পুরাতন গাড়ি সরানোর বিষয়ে সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জনাব জরজিসুর রহমান সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগ করবেন।<br>৮.৩) আনসার সদস্য নিয়োগের জন্য চলতি অর্থবছরের বাজেটে বরাদ্দ উপযোজন করতে হবে।<br>৮.৪) করিডোরের মালামাল ও ফাইল কেবিনেট সংরক্ষণ বা বিনষ্ট করার বিষয়ে তত্ত্বাবধায়ক | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) জনাব সমীর কুমার রজক দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>৩) উপপরিচালক (প্রশাসন)<br>৪) সংশ্লিষ্ট ডেস্ক ও শাখা প্রধান।<br>৫) জনাব মো: আবুল হাসেম সরদার, নির্বাহী প্রকৌশলী<br>৬) জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>৭) জনাব দেওয়ান |

| ক্রম | আলোচ্য বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | হিসেবে প্রদান করতে হবে। নিয়োগযোগ্য আনসার সদস্যদের বেতনের বিষয়টি পরবর্তীতে নির্ধারিত হবে। তাদের আবাসন সুবিধা ও রান্নার ব্যবস্থা করতে হবে মর্মে আনসার কার্যালয় হতে জানানো হয়েছে। তিনি বলেন, বিদ্যমান অবস্থায় ৬ জন আনসার সদস্য নিয়োগ করা যায়। আনসার সদস্যের আবাসন সুবিধার জন্য প্রয়োজনীয় শেড তৈরির কার্যক্রম চলমান রয়েছে।<br>উপপরিচালক (অর্থ) বলেন যে, প্রধান কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়ন এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য সুইপার সংখ্যা বাড়ানো যেতে পারে।<br>করিডোরের মালামাল ও ফাইল কেবিনেট ডেস্ক কর্তৃক শ্রেণিবিন্যাসকরণ ও ইনভেন্টরি এর মাধ্যমে পরবর্তীতে সংরক্ষণ বা বিনষ্ট করার বিষয়ে আলোচনা করা হয়।<br>ইতোমধ্যে করিডোরের পুরাতন, অকেজো মালামাল অপসারণ করা হয়েছে মর্মে গঠনকৃত কমিটি সভাকে অবহিত করে। | প্রকৌশলী জনাব সমীর কুমার রজক দাস কে প্রধান করে এবং সংশ্লিষ্ট শাখা/ডেস্ক প্রধানগণের সমন্বয়ে কমিটি গঠন করতে হবে। গঠনকৃত কমিটি পরবর্তীতে স্টোরকিপারের মাধ্যমে ইনভেন্টরি সম্পন্নপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>৮.৫) বন্ধ বা ব্লককৃত সিঁড়ি/ফায়ার এক্সিট পুনরায় চালুর উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) এর মহাপরিচালক বরাবর এ বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। এ বিষয়ে সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জনাব জরজিসুর রহমানকে দায়িত্ব প্রদান করা হয়। | মো: খসরু, সহকারী প্রকৌশলী (ঢাকা মেট্রো) |
| ০৯ | যানবাহন | এ কার্যালয়ের TO & E অনুমোদনের প্রস্তাব দীর্ঘদিন ধরে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে মর্মে পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় অবহিত করেন। পূর্বের সিদ্ধান্ত মোতাবেক প্রস্তাব অনুমোদনের বিষয়ে অগ্রগতি সম্পর্কে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কার্যপরিধি বহুগুণ বৃদ্ধি পাওয়ায় এবং একই সাথে বিভিন্ন পর্যায়ের নতুন জনবল নিয়োগ ও পদোন্নতি প্রদান করায় বাস্তব চাহিদার নিরিখে TO & E হালনাগাদ করে নতুন আর একটি প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। | ৯.১) বর্তমান অর্গানোগ্রাম অনুযায়ী এবং বাস্তব চাহিদার প্রেক্ষিতে যানবাহন ও অফিস সরঞ্জামাদির নিরিখে TO & E প্রস্তাব প্রণয়ন করতে হবে। এ বিষয়ে গঠিত কমিটিতে সহকারী প্রকৌশলী মো. সিরাজুল ইসলাম-কে অন্তর্ভুক্ত করতে হবে। কার্যক্রমটি বাস্তবায়নে দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৯.২) মাঠ পর্যায়ে মোটর সাইকেলের প্রচুর চাহিদার ভিত্তিতে এবং তা প্রাপ্তির সংকট নিরসনকল্পে এ অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন কার্যালয় থেকে অব্যবহৃত ও পুরাতন/অকেজো মোটর সাইকেল দ্রুত ফেরত প্রদানের নিমিত্ত পত্র প্রেরণ করতে হবে। বরাদ্দকৃত মোটর সাইকেল সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যবহার না করলে সেটিও ফেরত দিতে হবে। অন্যথায়, বরাদ্দ বাতিল হবে। | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) জনাব মো: আবুল হাসেম সরদার, নির্বাহী প্রকৌশলী<br>৩) জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী<br>৪) গঠনকৃত কমিটি |
| ১০ | ওয়েবসাইট হালনাগাদকরণ | প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ জানান যে, অত্র অধিদপ্তরের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে। অফিস আদেশ, পরিপত্র, প্রজ্ঞাপন, NOC নিয়মিতভাবে আপলোড করা হচ্ছে। মাঠ পর্যায়ের ওয়েবসাইট আপডেট করার বিষয়ে সংশ্লিষ্ট অফিসসমূহকে তাগিদ প্রদান করা হয়েছে। | ১০.১) এ অধিদপ্তরের ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। ফটোগ্যালারীতে গুরুত্বপূর্ণ সভার সকল ছবি আপলোড করতে হবে।<br>১০.২) মাঠ পর্যায়ের দপ্তরসমূহের ওয়েবসাইটে তথ্য আপলোড ও হালনাগাদ এর বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে। | ১) উপপরিচালক (প্রশাসন)<br>২) জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার<br>৩) সংশ্লিষ্ট দুই শাখার কর্মচারীগণ |
| ১১ | APA/NIS | প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ বলেন যে, APA, NIS, তথ্য অধিকার আইন (RTI), GRS ইত্যাদি সকল বিষয়ে প্রামাণিক দলিলসহ প্রতিবেদন প্রেরণ করা হয়। অসম্পূর্ণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক | ১১.১) APA/NIS সংক্রান্ত সকল প্রতিবেদন যথাসময় যথাযথভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে।<br>১১.২) তথ্য/প্রামাণিক দলিল সরবরাহের জন্য সাইট পরিদর্শন রিপোর্ট দাখিলের ক্ষেত্রে | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) উপপরিচালক (প্রশাসন)<br>৩) সকল শাখা/ডেস্ক প্রধান |

| ক্রম | আলোচ্য বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | গ্রহণ করা হয় না। তিনি সংশ্লিষ্ট শাখা/ডেস্ক হতে যথাসময় তথ্য/প্রামাণিক দলিল সরবরাহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | যথাযথ ফরমেট অনুসরণ করতে হবে। | ৪) উপপরিচালক (অর্থ)<br>৫) জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার |
| ১২ | এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত | শিক্ষা সংক্রান্ত এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে অত্র অধিদপ্তর এর কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ১২.১) এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত গৃহীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১) সকল ডেস্ক ও শাখা প্রধান<br>২) জনাব মীর মুয়াজ্জেম হুসেন, নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-২)<br>৩) উপপরিচালক (অর্থ)<br>৪) জনাব মো: খালিদ হোসেন, সহকারী প্রকৌশলী |
| ১৩ | Digital Archive সংক্রান্ত আলোচনা | সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মিত ভবনসমূহের ডিজাইন এবং ড্রয়িং দীর্ঘদিন সংরক্ষণের জন্য Digital Archive প্রস্তুত এর বিষয়ে আলোচনা হয়। ডিজাইন শাখার কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে উক্ত শাখা হতে Computer, A3 Scanner, Plotter ক্রয়ের জন্য পুনরায় অনুরোধ করা হয়।<br>নির্বাহী প্রকৌশলী জনাব এস. এম. সাফিন হাসান বলেন যে, পুরাতন A3 Scanner মেরামত করে ব্যবহার করা হচ্ছে। | ১৩.১) নতুন A3 Scanner (20'' x 30'') বাজেট সংকুলান সাপেক্ষে ক্রয় করতে হবে। | ১)উপপরিচালক (প্রশাসন)<br>২) পপরিচালক (অর্থ)<br>৩) জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার<br>৪) গঠনকৃত কমিটি |
| ১৪ | উপ-সহকারী প্রকৌশলীবৃন্দের পৃথক অফিস স্থাপন | উপ-সহকারী প্রকৌশলীবৃন্দের পৃথক অফিস স্থাপন প্রসঙ্গে সভায় আলোচনা করা হয়। সভায় কয়েকজন সদস্য বলেন, অর্গানোগ্রাম অনুযায়ী উপ-সহকারী প্রকৌশলীদের স্বতন্ত্র অফিস স্থাপন করা প্রয়োজন। উপ-সহকারী প্রকৌশলীদের স্বতন্ত্র অফিস হলে উপ-সহকারী প্রকৌশলী অফিসের বিপরীতে সদ্য নিয়োগপ্রাপ্ত ডাটা এন্ট্রি অপারেটর এবং পরবর্তীতে অফিস সহায়ক নিয়োগ প্রদান সম্পন্ন হলে তাদেরকেও উপজেলায় উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়ে পদায়ন করা হবে। উপ-সহকারী প্রকৌশলীদের স্বতন্ত্র অফিস স্থাপনের লক্ষ্যে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর হতে শিক্ষা মন্ত্রণালয়-কে পত্র জারি করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ১৪.১) উপজেলা পরিষদে উপজেলা নির্বাহী অফিসারদের মাধ্যমে উপ-সহকারী প্রকৌশলীদের অফিস স্থাপনের বিষয়ে এ দপ্তর হতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে যে পত্র দেয়া হয়েছে তার প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে পত্র জারির পর নির্বাহী প্রকৌশলীবৃন্দ জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের সাথে অব্যাহতভাবে যোগাযোগ রাখবেন। এ ছাড়া, এ সংক্রান্ত সকল পত্রাদি ইইডি'র ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।<br>১৪.২) উপজেলা পরিষদে অফিস সংকুলান না হলে বিধি মোতাবেক অফিস ভাড়া করতে হবে।<br>১৪.৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে উল্লিখিত পত্রটি জারির বিষয়ে যোগাযোগ করতে হবে। | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) উপপরিচালক (প্রশাসন)<br>৩) নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট জেলা) |
| ১৫ | ক্রয় (Purchase) কমিটি গঠন এবং কার্যক্রম সংক্রান্ত | সভাপতি বলেন যে, ক্রয় সংক্রান্ত কমিটিসমূহ গঠন/পুনর্গঠন করা অত্যাবশ্যক। এ বিষয়ে প্রশাসন শাখা, সিনিয়র কর্মকর্তাবৃন্দ এবং হিসাব শাখার সমন্বয়ে সভা আহ্বান করা যেতে পারে। তিনি আরও বলেন এ অধিদপ্তরের স্টোরে পর্যাপ্ত মালামাল এর সংকট দূরীকরণে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১৫.১) অতি সত্বর ক্রয় (Purchase) কমিটি গঠন করতে হবে।<br>১৫.২) স্টোরের মালামাল ক্রয়ের বিষয়ে দ্রুত প্রদক্ষেপ নিতে হবে। | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) উপপরিচালক (প্রশাসন)<br>৩) ডেস্ক/শাখা প্রধান<br>৪) উপপরিচালক (অর্থ) |

| ক্রম | আলোচ্য বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৬ | ACR জমা প্রদান সংক্রান্ত | ACR জমা প্রদান সংক্রান্ত বিষয়ে সভায় গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়। উপপরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, ACR সংরক্ষণের বিষয়ে স্বতন্ত্র আলমারি ব্যবহার করা হচ্ছে। | ১৬.১) ACR বিধি মোতাবেক স্ব স্ব অনুবেদনাধীন, অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাকে নির্দিষ্ট সময়ের মধ্যে ACR সংক্রান্ত কার্যাবলি সম্পন্ন করতে হবে। | ১) উপপরিচালক (প্রশাসন)<br>২) ডেস্ক/শাখা প্রধান<br>৩) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী |
| ১৭ | বিবিধ: | বিবিধ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১৭.১) প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের মোট ৭৫টি কার্যালয়ের PIMS এর তথ্য নিয়মিত আপডেট করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ওয়েবপোর্টালে প্রদত্ত লিংকের মাধ্যমে হালনাগাদ করতে হবে। এ বিষয়ে জনাব রতীশ চন্দ্র সেন, সহকারী প্রকৌশলী (সিভিল) ও জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার-কে দায়িত্ব প্রদান করা হয়।<br>দৈনিক মজুরিভিত্তিতে কর্মরত সকল কর্মচারীদের এনআইডি, ছবিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত আলাদাভাবে রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।<br>১৭.২) শিক্ষাপ্রতিষ্ঠানের তথ্য সহকারী প্রকৌশলী জনাব রতীশ চন্দ্র সেন নিয়মিতভাবে হালনাগাদ করবেন এবং এ সংক্রান্ত ওয়েব পেজটি পুনরায় চালু ও যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করবেন। সংশ্লিষ্ট সফটওয়্যার-এ তথ্য হালনাগাদ বিষয়ে সার্কেল ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে ওয়ার্কশপ/সভা করতে হবে।<br>১৭.৩) ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি বছরে ২বার প্রকাশ করতে হবে এবং ৬মাস মেয়াদব্যাপী ঠিকাদার তালিকাভুক্তির আবেদন সংগ্রহ করতে হবে।<br>১৭.৪) গাড়ীচালকদের পোশাক সরবরাহের কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে।<br>১৭.৫) সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জনাব মো: জরজিসুর রহমান আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে লিফ্টম্যানদের ডিউটি রেজিস্টার প্রণয়নপূর্বক রোস্টার তৈরি করবেন।<br>১৭.৬) গাড়ি বরাদ্দপ্রাপ্ত সকল কর্মকর্তাবৃন্দকে গাড়ি লগ বই নিয়মিতভাবে স্বাক্ষর করতে হবে এবং গাড়ির তেল/গ্যাস বিলে স্ব স্ব কর্মকর্তা স্বাক্ষরপূর্বক বিলটি হিসাব শাখায় প্রেরণ করতে হবে। সরকারি বিধি মোতাবেক বর্তমানে প্রতিটি বরাদ্দপ্রাপ্ত গাড়িতে মোট বরাদ্দের ৪০% কম তেল/গ্যাস ব্যবহার করতে হবে এবং এ বিষয়ে প্রত্যেক ড্রাইভারকে সতর্ক থাকতে হবে।<br>১৭.৭) বিগত ১৭ মার্চ ২০২৩ তারিখ বঙ্গবন্ধুর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) উপপরিচালক (প্রশাসন)<br>৩) জনাব সমীর কুমার রজক দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>৪) জনাব অনন্ত কুমার ভৌমিক, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>৫) জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার<br>৬) জনাব রতীশ চন্দ্র সেন, সহকারী প্রকৌশলী (সিভিল)<br>৭) জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>৮) জনাব মো: খালিদ হোসেন, সহকারী প্রকৌশলী |

| ক্রম | আলোচ্য বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | উপলক্ষ্যে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ অনুষ্ঠান ঈদ-উল-ফিতরের পর আয়োজন করতে হবে।<br>১৭.৮) এ অধিদপ্তরের নিয়মিত ত্রৈমাসিক বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে হবে। এতদসংক্রান্ত বিষয়ে সহকারী প্রকৌশলী জনাব মো: খালিদ হোসেন-কে দায়িত্ব প্রদান করা হয়। | |

২.০ আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মো: দেলোয়ার হোসেন মজুমদার)
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)

স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.০৬.১৭৮.১৯ (পার্ট-২)/ ২৫৬/১(১০০) তারিখ: ০৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ / ১৭ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য বিতরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/ ............... সার্কেল
১০. উপপরিচালক (অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১১. নির্বাহী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/ ............... জেলা
১২. প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৩. প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১৪. পরিচালক (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১৫. জনাব ......................................
১৬. অফিস কপি।

১৭/০৪/২০২৩
(আসাদুজ্জামান)
উপপরিচালক (প্রশাসন)
ফোন ০২-২২৩৩৮৭৭৬৯